# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিন্যু, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

E-mail : info@ bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd


স্মারক নম্বর: চশিবো/প্রশা-২/১০৪/কর্মকর্তা/কর্মচারী নিয়োগ/৯৬(অংশ-৩)/১২৬৪(২) তারিখ: ০৯/১১/২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,চট্টগ্রাম এর কম্পিউটার সেলের জন্য নিম্নবর্ণিত শূন্য পদসমূহ বর্ণিত বেতন স্কেলে অস্থায়ীভাবে পূরণের লক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট হইতে অনলাইনে আবেদন আহ্বান করা যাইতেছে ।

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতন স্কেল-২০১৫ | পদ সংখ্যা | বয়স | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>গ্রেড-৪<br>(৫০০০০-৭১২০০) | ০১ জন | অনূর্ধ্ব ৪৫ বছর | ১। (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে Computer Science/Computer Science and Engineering/Electrical & Electronics Engineering /Information and Communication Technology সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ চার (০৪) বছর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী ;<br>(খ) কোন সরকারি/ স্বায়ত্বশাসিত/ আধাস্বায়ত্বশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার /অপারেশন ম্যানেজার হিসাবে অন্যূন তিন (০৩) বছরের চাকরির অভিজ্ঞতা এবং<br>(গ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোনো উদ্ভাবন প্রার্থীর বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। |
| ০২ | সিস্টেম এনালিস্ট<br>গ্রেড-৫<br>(৪৩০০০-৬৯৮৫০) | ০১ জন | অনূর্ধ্ব ৪০ বছর | ১। (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে Computer Science/ Computer Science and Engineering/ Electrical & Electronics Engineering/ Information and Communication Technology সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ চার (০৪) বছর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী ;<br>(খ) কোন সরকারি/ স্বায়ত্বশাসিত/ আধাস্বায়ত্বশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/ কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসাবে অন্যূন তিন (০৩) বছরের চাকরির অভিজ্ঞতা এবং<br>(গ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোন উদ্ভাবন প্রার্থীর বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। |
| ০৩ | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৯<br>(২২০০০-৫৩০৬০) | ০১ জন | অনূর্ধ্ব ৩২ বছর | ১। (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে Computer Science/ Computer Science and Engineering/ Electrical & Electronics Engineering/ Information and Communication Technology সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ চার (০৪) বছর মেয়াদী স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে দুই (০২) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে । |
| ০৪ | সহকারী প্রোগ্রামার<br>গ্রেড-৯<br>(২২০০০-৫৩০৬০) | ০১ জন | অনূর্ধ্ব ৩২ বছর | ১। (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে Computer Science/ Computer Science and Engineering/ Electrical & Electronics Engineering/ Information and Communication Technology সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ চার (০৪) বছর মেয়াদী স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী এবং<br>(খ) ইন্টারনেট প্রোগ্রামিং জানা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে । |

চলমান পাতা-২

CamScanner

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
সিডিএ এভিন্যু, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম
E-mail : info@ bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd



শর্তাবলী ঃ

১। সকল পদে ১১/১১/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ৪ নং কলামে বর্ণিত বয়সের মধ্যে হইতে হইবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

২। সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্বশাসিত/ আধাস্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় তাহার নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হইবে।

৩। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান অনুসরণ করা হইবে ।

৪। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৫। অসত্য, ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না ।

৬। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত /মনোনীত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক সত্যায়িত কপি দাখিল করিতে হইবে ।

(ক) শিক্ষাগত যোগ্যতার (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতাসহ ) সকল প্রকার মূল সনদ/সাময়িক সনদপত্র ;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র ;

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনের অনলাইন কপি ;

(ঘ) প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তান হইলে অথবা অন্য কোন কোটায় আবেদন করিতে চাইলে অনলাইনের আবেদন ফরমেট এর নির্ধারিত ঘর পূরণ করিতে হইবে। কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করিতে হইবে। অনলাইন পদ্ধতিতে নিয়োগের আবেদন ফরম পূরণকালে কোন কোটায় আবেদন করা হইয়াছে তাহা সুস্পষ্টভাবে ঘোষণা থাকিতে হইবে। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হইবে।

(ঙ) ডাউনলোডকৃত Applicant's Copy এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি ।

৭। পরীক্ষার ফি যে কোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে যে কোন পদের জন্য ২০০/-(দুইশত)টাকা এবং অনলাইন ফি বাবদ ২৩/-(তেইশ) টাকা অর্থাৎ ২২৩/-(দুইশত তেইশ) টাকা জমা করিতে হইবে । উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোনভাবেই গৃহীত হইবে না।

৮। আগ্রহী প্রার্থীগণ https://bisectg.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করিয়া আবেদন করিতে পারিবেন। সরাসরি /ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

৯। একজন প্রার্থী কেবল একটি পদের জন্য আবেদন করিতে পারিবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করিলে তাহার সকল আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। অনলাইনে আবেদনের সময় ১১/১১/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১০.০০ টা হইতে ২৬/১১/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত ।

১১। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ বিজ্ঞপ্তির শর্তাদি পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন কিংবা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

০৩/১১/২০২৫

(প্রফেসর ড. এ.কে.এম সামছু উদ্দিন আজাদ )
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

CamScanner